



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

স্মারক নং বশিবো/পনি/জেএসসি-(১/২)/২০১৪/৩০৩

তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০১৪

বিষয়ঃ ২০১৪ সালের জেএসসি পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০১৪ সালের জেএসসি পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবেন। হাজিরাশিট ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠী	২৬/১০/২০১৪	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	ভোলা ও পিরোজপুর	২৭/১০/২০১৪	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	২৮/১০/২০১৪	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃ দ্রঃ প্রবেশপত্র ০১/১০/২০১৪ তারিখ থেকে বরিশাল শিক্ষাবোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে (www.barisalboard.gov.bd) পাওয়া যাবে। প্রবেশপত্রে কোন ভুল থাকলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ৩০/১০/২০১৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে উপস্থিত হতে হবে। উল্লেখ্য উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

কেন্দ্র সচিব

বরিশাল শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র

৩০.১০.২০১৪
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল